

**মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের রেসিডেন্সি প্রোগ্রামের মেডিসিন এ্যাড এ্যালাইড ডিসিপ্লিন-
এর পরীক্ষা কার্যক্রম পরিদর্শন**

গত ৪ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান শহীদ ডা. মিলন হল, ডা. মিল্টন হল এবং এক্সটেনশন হলে রেসিডেন্সি প্রোগ্রামের মেডিসিন এ্যাড এ্যালাইড ডিসিপ্লিন-এর পরীক্ষা জানুয়ারি ২০১৭ পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, রিউমাটোলজি মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক, ইন্টারনাল মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. মোঃ আব্দুল জলিল চৌধুরী প্রমুখ।

বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে বর্ণাত্য র্যালি

বিশ্ব ক্যান্সার দিবস ২০১৭ উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অনকোলজি বিভাগ, হেমাটোলজি বিভাগ ও শিশু হেমাটোলজি ও অনকোলজি বিভাগের যৌথ উদ্যোগে গত ৪ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ, শনিবার, সকাল ৯টায় এ এবং বি ব্লকের মধ্যবর্তী স্থান বটতলা থেকে একটি বর্ণাত্য র্যালি বের হয়। প্রধান অতিথি হিসেবে র্যালিতে নেতৃত্ব দেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্পন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, হেমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মাসুদা বেগম, শিশু হেমাটোলজি এন্ড অনকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. চৌধুরী ইয়াকুব জামাল, অনকোলজি (ক্যান্সার) বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সারওয়ার আলম, উপ-রেজিস্ট্রার ও অনেকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. জিল্লার রহমান ভূইয়া প্রমুখ। র্যালিটি ক্যাম্পাসের বিভিন্ন অংশ প্রদর্শিত করে। র্যালির শুরুতে এক সংক্ষিপ্ত বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, বর্তমান প্রশাসনের প্রচেষ্টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিশ্ব দরবারে স্থান করে নিয়েছে। রোগীদের স্বার্থের কথা বিবেচনা করে বর্তমান প্রশাসনের পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ক্যান্সার বিভাগ, শিশু হেমাটোলজি এন্ড অনকোলজি বিভাগসহ সংশ্লিষ্ট সকল বিভাগগুলোর কার্যক্রম আরো এগিয়ে নিতে প্রয়োজনীয় সব ধরণের সহায়তা দেয়া হবে। এর একটাই লক্ষ্য; আর তা হলো— ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য যাতে বিদেশে যেতে না হয় এবং দেশেই সহজে ও সুলভে ক্যান্সারে আক্রান্ত রোগীরা সঠিক ও উন্নতমানের চিকিৎসাসেবা পান।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী মোঃ আক্তারের হোসেনের ইন্টেকাল

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী মোঃ আক্তার হোসেন আর নেই (ইন্সলিল্যাহে...রাজেউন)। তিনি মরচুয়ারিতে কর্মরত ছিলেন। গত ৪ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ১০টা ৩০ মিনিটে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মরহুমের নামাজে জানায়া অনুষ্ঠিত হয়। নামাজে জানায়ায় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এছাড়া অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুন্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (মানবসম্পদ) ডা. মোঃ জামাল উদ্দিন খলিফা প্রযুক্তিসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেন। নামাজে জানায়া শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান মরহুমের কফিনে ফুলের তোড়া অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।